| দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়। |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৭/২৬৫২

তারিখ ঃ ০৫ আশ্বিন, ১৪২৪ / ২০ সেপ্টেম্বর, ২০১৭

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২২/০২/২০১৭খ্রিঃ তারিখের ৪৫.১৬৯.০১১.০০.০০.০২০.২০১৩-৩৪ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্র মোতাবেক পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতিত) আবেদনপত্র আহবান করা যাচ্ছে । উক্ত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিবরণ/যোগ্যতা নিম্নে উল্লেখ করা হ'ল।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ১১৩ (একশত তের) টি | এসএসসি পাশ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল হতে চিকিৎসা সহকারীদের জন্য নির্ধারিত কমপক্ষে ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পাশ। |
| ২. | ফার্মাসিস্ট গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ২৩ (তেইশ)টি | বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে রেজিস্ট্রেশনসহ ৩(তিন) বছরের ডিপ্লোমা কোর্স পাশ। |
| ৩. | প্রিন্টিং প্রেস সুপারভাইজার গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) টি | Diploma or Certificate in Printing Technology from a recognised Institute with adequate experience in the related field. |
| ৪. | স্ক্রিপ্ট রাইটার গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) টি | দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ স্ক্রিপ্ট রাইটিং এ ০৩(তিন) বছরের অভিজ্ঞতা। |
| ৫. | ডিজাইনার গ্রেড-১২, ১১৩০০-২৭৩০০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে কমপক্ষে কমার্শিয়াল আর্টে ডিপ্লোমা। |
| ৬. | কম্পিউটার অপারেটর গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | Computer personnel Recruitment Rules, 1985- (a) Graduate, Preferably Science, relaxable for departmental Data Entry/Control Operators with at Least 2 years. (b)Must qualify Operator's aptitude test. |
| ৭. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর , গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৪ (চার) টি | এইচএসসি বা সমমান। সাঁট লিপিতে ইংরেজী ও বাংলায় যথাক্রমে প্রতি মিনিটে ৭০ ও ৪৫ শব্দ এবং কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং কাজে ইংরেজী ও বাংলায় প্রতিমিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৮. | পরিসংখ্যান সহকারী গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৩ (তিন) টি | পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রী অথবা স্নাতক বা সমমানের ডিগ্রীসহ পরিসংখ্যান কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৯. | উচ্চমান সহকারী গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি | স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১০. | গুদাম রক্ষক গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৪ (চার) টি | স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১১. | গাড়ী চালক গ্রেড-১৫ (ভারী লাইসেন্স) ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৬ (হালকা লাইসেন্স) ৯৩০০-২২৪৯০/- | ০৯ (নয়) টি | ৮ম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্স'সহ হালকা ও ভারী গাড়ী চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ১২. | ওয়াচ ম্যান, গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | ৮ম শ্রেণী পাশ। |
| ১৩. | অফিস সহায়ক(এমএলএসএস) গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ৬৭ (সাতষট্টি) টি | ৮ম শ্রেণী পাশ। |
| ১৪. | এমএলএসএস/নিরাপত্তা প্রহরী গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ১০১(একশ ত এক) টি | ৮ম শ্রেণী পাশ। |
| ১৫. | নিরাপত্তা প্রহরী গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০৫ (পাঁচ) টি | ৮ম শ্রেণী পাশ। |

চলমান পাতা-০২

Rec.Ad.2017

আবেদনের শর্ত ও নিয়মাবলী ঃ

১. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে **www.dgfp.gov.bd** তে প্রবেশ করে Online Application Form এর মাধ্যমে আগামী ২২/১০/২০১৭ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

২. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।

৩. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy পাবেন। উক্ত Applicant Copy প্রার্থী ডাউনলোড অথবা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

৪. প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৩য় শ্রেণির (গ্রেড ১১-১৫) (প্রতি আবেদনে) প্রদেয় (১০০.০০+১১.৫০ সার্ভিস চার্জসহ) ১১১.৫০(একশত এগার টাকা পঞ্চাশ পয়সা) এবং ৪র্থ শ্রেণির (গ্রেড ২০) জন্য প্রদেয় (৫০.০০+৬.০০ সার্ভিস চার্জসহ) ৫৬.০০/- (ছাপ্পান্ন টাকা) অফেরতযোগ্য বিকাশ (নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী) এর মাধ্যমে আবেদনপত্র Submit করার ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৫. Application ID এবং Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে পনুরুদ্ধার করতে পারবেন।

<u>বিকাশের মাধ্যমে টাকা পাঠানো প্রক্রিয়া:</u>

১ম ধাপ: ডায়াল *২৪৭# ।

২য় ধাপ: অপশন বেছে নিন: **Payment** ।

৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুন: **০১৭৯৫৫৫১৪৩২**।

৪র্থ ধাপ: টাকার পরিমাণ ৩য় শ্রেণি (গ্রেড ১১-১৬) ১১১.৫০(একশত এগার টাকা পঞ্চাশ পয়সা) এবং ৪র্থ শ্রেণি (গ্রেড ২০)৫৬.০০ (ছাপ্পান্ন টাকা)।

৫ম ধাপ: রেফারেন্স নাম্বার Application ID ( SMS এ প্রাপ্ত Application ID টি প্রদান করুন) ।

৬ষ্ঠ ধাপ: কাউন্টার নম্বর ১( সবার জন্য ১ প্রযোজ্য) ।

৭ম ধাপ: লেনদেন নিশ্চিত করতে Pin নম্বর প্রবেশ করুন: XXXX (বিকাশ থেকে প্রাপ্ত SMS টি সংরক্ষণ করুন পরবর্তীতে যেকোন সমস্যা সমাধানের জন্য বিকাশ থেকে প্রাপ্ত Transaction ID টি প্রয়োজন হবে)

৮ম ধাপ: ওয়েবসাইট থেকে Payment Status চেক করে নিন।

৬. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের Website এর মাধ্যমে এবং প্রার্থীর মোবাইল ফোনে (Mobile) এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) জানিয়ে দেয়া হবে।

৭. ০১/০৯/২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;

(ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) সরকারি কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(ঙ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য- এ মর্মে জেলা কমানডেন্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চলমান পাতা-০৩

(জ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

(ঝ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি;

(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

১০. উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

১১. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

১২. নিয়োগকৃত পদে চাকুরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪. বিজ্ঞপ্তিতে জারীকৃত উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

২০/৩/১৭

(শেখ মোঃ শামীম ইকবাল)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণি বিভাগীয় নির্বাচন কমিটি